ত্রৈমাসিক
# কুড়িগ্রাম জনসেবা বারতা
(জেলা প্রশাসন, কুড়িগ্রামের উন্নয়নমূলক কার্যক্রমের প্রকাশনা)

কুড়িগ্রাম # ৪র্থ বর্ষ, ১২তম সংখ্যা # জুলাই-সেপ্টেম্বর # ০৪ অক্টোবর ২০২২ # ১৯ আশ্বিন ১৪২৯ মঙ্গলবার

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস -২০২২



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ জেলা প্রশাসন, কুড়িগ্রামের উদ্যোগে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে দিনব্যাপি নানা কর্মসূচির মধ্য দিয়ে পালন করা হয়। সকালে স্বাধীনতার বিজয়স্তম্ভে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনব্যাপি কর্মসূচির সূচনা করা হয়। পুষ্পার্ঘ্য অর্পণ শেষে বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়। এরপর শেখ রাসেল পৌর অডিটোরিয়ামে বঙ্গবন্ধুর ঘটনাবহুল রাজনৈতিক জীবনের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ রেজাউল করিম। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুড়িগ্রাম-২ আসনের সংসদ সদস্য জনাব পনির উদ্দিন আহমেদ। আরও বক্তব্য রাখেন পুলিশ সুপার জনাব সৈয়দা জান্নাত আরা, জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জনাব মোঃ জাফর আলী, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আমান উদ্দিন আহমেদ মঞ্জু, পৌর মেয়র জনাব মোঃ কাজিউল ইসলাম, কুড়িগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মির্জা মোঃ নাসির উদ্দিন, কুড়িগ্রাম প্রেসক্লাব সভাপতি জনাব মোস্তাফিজুর রহমান রাজু প্রমুখ। আলোচনা সভায় বীর মুক্তিযোদ্ধাগণ, সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ আওয়ামী লীগ এবং বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ এবং সাংবাদিকরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে শোকাবহ আগস্ট উপলক্ষ্যে জেলা প্রশাসন,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ইসলামিক ফাউন্ডেশন, শিশু পরিবার ও শিশু একাডেমি কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হয়। বাদ জোহর মসজিদ, মন্দির গির্জাসহ বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহিদদের স্মরণে দোয়া আয়োজন করা হয়। এ সময় জেলার দরিদ্র ও আর্থিকভাবে অস্বচ্ছল ব্যক্তিদের মাঝে খাবার ও পরিধানের জন্য বস্ত্র বিতরণ করা হয়। দুপুরে উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্সগুলোতে বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণে স্মৃতিচারণমূলক সভার আয়োজন করা হয়। সন্ধ্যায় শেখ রাসেল পৌর অডিটোরিয়ামে 'Sheikh Hasina: A Daughter's Tale' আলোকচিত্র প্রদর্শন করা হয়।

## জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২



০২ সেপ্টেম্বর থেকে ১৭ সেপ্টেম্বর কুড়িগ্রাম জেলা স্টেডিয়ামে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২ অনুষ্ঠিত হয়। ০২ সেপ্টেম্বর টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন রংপুর বিভাগের বিভাগীয় কমিশনার জনাব মোঃ সাবিরুল ইসলাম এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মেজবাহ উদ্দিন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার জনাব আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম, কুড়িগ্রাম পৌরসভার মেয়র জনাব মোঃ কাজিউল ইসলাম, কুড়িগ্রাম সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও কুড়িগ্রাম জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব আমান উদ্দিন আহম্মেদ, কুড়িগ্রাম জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারগণ, জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দসহ অন্যান্যরা। বেলুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। নকআউট টুর্নামেন্টটিতে জেলার ৯টি উপজেলা অংশগ্রহণ করে। মাদকমুক্ত কুড়িগ্রাম বিনির্মাণে এই টুর্নামেন্ট সহায়ক হবে মর্মে বিভাগীয় কমিশনার তার উদ্বোধনী বক্তব্যে আশাবাদ ব্যক্ত করেন। জেলা প্রশাসক তার উদ্বোধনী বক্তব্যে টুর্নামেন্টটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করা হয়েছে বলে উল্লেখ করেন।



নাগেশ্বরী ও ফুলবাড়ী উপজেলার উদ্বোধনী ম্যাচের মধ্য দিয়ে জমকালো এই টুর্নামেন্টের শুভ সূচনা ঘোষণা করা হয়। প্রতিটি খেলায় জেলা প্রশাসক, জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ মাঠে উপস্থিত থেকে উপভোগ করেন। দর্শক উপস্থিতিও ছিলো চোখে পড়ার মতো। ১৭ সেপ্টেম্বর কুড়িগ্রাম জেলা স্টেডিয়ামে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

(পৃষ্ঠা-০৬, কলাম-১)

# সম্পাদকীয়

## কুড়িগ্রাম জনসেবা বারতা



**মোহাম্মদ রেজাউল করিম**
জেলা প্রশাসক, কুড়িগ্রাম

বাঙালী জাতির ইতিহাসে আগস্ট এক শোকাবহ মাসের নাম। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যগণ এই মাসে শিকার হয়েছিলেন ইতিহাসের সবচেয়ে ন্যাক্কারজনক হত্যাকাণ্ডের। বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি ১৫ আগস্টে নিহত সকল শহিদের আত্মার প্রতি। শ্রদ্ধা ভরে স্মরণ করছি স্বাধীনতা যুদ্ধে নিহত সকল বীরসেনানিকে, পাকিস্তানি নির্যাতনের শিকার সকল মা-বোনকে, জাতীয় ০৪ নেতা এবং দেশমাতৃকার কর্তব্যে বিভিন্ন সময়ে আত্মাহুতি দানকারী শহীদদের। শোকের এই আগস্ট মাসেই জন্মগ্রহণ করেছিলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল। বঙ্গবন্ধুর মত করেই তারা সর্বোচ্চ ত্যাগ করেছিলেন এই বাংলাদেশের জন্য। তাই তাঁদের আদর্শ প্রজন্ম থেকে প্রজন্মে পৌছে দেয়ার উদ্দেশ্যে যথাযথ মর্যাদায় পালন করা হয়েছে তাঁদের জন্মবার্ষিকী। রূপকল্প-২০৩০, ভিশন-২০৪১, ডেল্টা প্লান -২১০০ সহ মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী সকল স্বপ্ন বাস্তবে রূপান্তরের জন্য চাই অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করা। তাই জেলা সদর থেকে বিচ্ছিন্ন দুটি উপজেলাকে মূল জেলার সাথে সংযোগ ঘটানো, শিক্ষা ব্যবস্থার উন্নতি সাধনকল্পে বিশ্ববিদ্যালয় স্থাপন, তরুণ সমাজকে গঠনমূলক কার্যক্রমের সাথে যুক্ত রাখার জন্য 'জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল' টুর্নামেন্ট আয়োজনসহ জেলা প্রশাসন, কুড়িগ্রাম বিগত তিন মাসে নিয়েছিল নানামুখী সৃজনশীল পদক্ষেপ। সেই পদক্ষেপগুলো জেলাবাসীর সম্মুখে তুলে ধরা এবং এসকল কার্যক্রম সম্পর্কে তাদের অভিমত জানতে চাওয়ার উদ্দেশ্যেই এই "জনসেবা বারতা" টি প্রকাশ করা। বারতাটি জেলা প্রশাসন ও জেলার জনগণের সাথে একটি দ্বিমুখী যোগাযোগ স্থাপন করবে এবং এর ফলে আরও জনবান্ধব ও সময়োপযোগী সেবা প্রদান করা সম্ভব হবে বলে আমি বিশ্বাস করি।

# কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের স্থান নির্বাচন ও একাডেমিক কার্যক্রম শুরু করা সংক্রান্ত



২৭ আগস্ট সকালে কুড়িগ্রাম জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের স্থান নির্ধারণ ও প্রাসঙ্গিক বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন, এমপি এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম কৃষি বিদ্যালয়ের উপাচার্য ড. এ. কে. এম. জাকির হোসেন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে আয়োজিত এই মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন পুলিশ সুপার আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম, জেলা পরিষদের প্রশাসক ও জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ জাফর আলী, কুড়িগ্রাম পৌরসভার মেয়র মোঃ কাজিউল ইসলাম, কুড়িগ্রাম সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও কুড়িগ্রাম জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমান উদ্দিন আহম্মেদ মঞ্জু, কুড়িগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষ মীর্জা মোঃ নাসির উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা মোঃ সিরাজুল ইসলাম টুকু, জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধাগণ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ জেলার বিভিন্ন স্তরের নাগরিকবৃন্দ। স্থান নির্ধারন বিষয়ে এসময় সভায় উপস্থিত সকলে নিজস্ব অভিমত ব্যক্ত করেন। মূলত নাজিয়ার দোলা, টগরাই হাট ও দাশেরহাট এই তিনটি স্থানে বিশ্ববিদ্যালয় স্থাপনের সম্ভাব্যতা বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। বক্তা ও উপস্থিতিদের মধ্যে স্থান সংক্রান্ত মতামতের পার্থক্য থাকলেও প্রত্যেকেই অতি দ্রুত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের শুরুর তাগিদ দেন।

# বৃক্ষমেলা-২০২২



'বৃক্ষপ্রাণে প্রকৃতি -প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা আউটার স্টেডিয়াম প্রাঙ্গণে ২০ জুলাই ২০২২ তারিখ সপ্তাহব্যাপি বৃক্ষমেলার উদ্বোধন ঘোষণা করা হয়। এই মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ রেজাউল করিম।

এসময় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন কুড়িগ্রাম পৌরসভার মেয়র মোঃ কাজিউল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মিনহাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার রুহুল আমিন, বন বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্টজনেরা। জেলা প্রশাসনের আয়োজনে এই মেলার সার্বিক তত্ত্বাবধানের দায়িত্বে ছিল বন বিভাগ, কুড়িগ্রাম। আউটার স্টেডিয়ামে আয়োজিত এই মেলায় বিভিন্ন সরকারি, বেসরকারি নার্সারি অংশগ্রহণ করে। সামাজিক বনায়নের মাধ্যমে প্রাকৃতিক পরিবেশের উন্নয়ন সাধনের উদ্দেশ্যে এই মেলা প্রত্যক্ষ ভূমিকা রাখবে বলে অংশগ্রহণকারীরা আশাবাদ ব্যক্ত করেন। সপ্তাহব্যাপী চলা এই মেলার শেষ দিন নার্সারীগুলোর মাঝে পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেলার সমাপ্তি ঘোষণা করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থেকে নার্সারীগুলোর মধ্যে পুরস্কার বিতরণ করেন কুড়িগ্রাম-২ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব পনির উদ্দিন আহমেদ।

## বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২ তম জন্মবার্ষিকী



**"মহিয়সী বঙ্গমাতার চেতনা অদম্য বাংলাদেশের প্রেরণা"** এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে ০৮ আগস্ট, ২০২২ তারিখ কুড়িগ্রামে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। রাষ্ট্রীয় এই আয়োজনে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি দেশের সব কয়টি জেলার সাথে যুক্ত ছিলেন। কেন্দ্রীয় আয়োজন শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম। উপস্থিত ছিলেন পুলিশ সুপার সৈয়দা জান্নাত আরা, জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক মোঃ জাফর আলী, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আমান উদ্দিন আহম্মেদ, পৌরসভার মেয়র মোঃ কাজিউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধাগণ, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং গণমাধ্যম কর্মীবৃন্দ। অনুষ্ঠানের শেষে জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে সদর উপজেলার ১৮ জন নারীকে সেলাই মেশিন ও ১৪ জন নারীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

## জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২




**"নিরাপদ মাছে ভরবো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ"** শীর্ষক প্রতিপাদ্যকে সামনে নিয়ে কুড়িগ্রামে ২৩ জুলাই হতে সপ্তাহব্যাপি জাতীয় মৎস্য সপ্তাহ, ২০২২ উদযাপিত হয়। ২৪ জুলাই, ২০২২ তারিখ এ উপলক্ষ্যে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালির উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রেজাউল করিম। এসময় উপস্থিত ছিলেন কুড়িগ্রাম-২ আসনের সংসদ সদস্য আলহাজ্ব পনির উদ্দিন আহমেদ, পুলিশ সুপার সৈয়দা জান্নাত আরা, মেয়র (কুড়িগ্রাম পৌরসভা), মোঃ কাজিউল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মিনহাজুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তাসহ অন্যান্যরা। র‍্যালি শেষে কালেক্টরেট পুকুরে সঠিক পদ্ধতিতে মাছের পোনা ছাড়ার মধ্য দিয়ে খামারিদের সচেতনতা বৃদ্ধি করা হয়। জেলা প্রশাসনের আয়োজনে এবং জেলা মৎস্য অফিসের সার্বিক তত্ত্বাবধানে সপ্তাহব্যাপি এই কার্যক্রমের প্রতিদিন বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। এই কার্যক্রম কুড়িগ্রাম জেলার মাছ উৎপাদন বৃদ্ধিতে প্রত্যক্ষ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এতে করে কৃষিনির্ভর দারিদ্র্যপীড়িত কুড়িগ্রামে আর্থিক সমৃদ্ধি আনয়ন সম্ভব হবে।

## আশ্রয়ণ -০২ প্রকল্পের গৃহ হস্তান্তর



২১ জুলাই, ২০২২ তারিখ দেশব্যাপি আশ্রয়ণ-০২ প্রকল্পের অধীন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ২৬,২২৯টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমিসহ গৃহ হস্তান্তর কার্যক্রমের উদ্বোধন করা হয়। এই পর্যায়ে কুড়িগ্রামের ৯টি উপজেলায় ৫২২টি গৃহহীন পরিবারের কাছে ঘরের মালিকানা বুঝিয়ে দেয়া হয়েছে। প্রায় ৪৬০টি চর বিধৌত নদীমাতৃক কুড়িগ্রামের জন্য আশ্রয়ণ প্রকল্পের অধীন একটি বিশেষ ডিজাইন অনুমোদন করা হয়েছে। বিশেষ "চর ডিজাইন" এর শতাধিক গৃহ এই পর্যায়ে গৃহহীনদের মাঝে হস্তান্তর করা হয়। এ পর্যন্ত কুড়িগ্রামে সর্বমোট ৩,৮৯৮টি পরিবারকে গৃহ হস্তান্তর করা হয়েছে। সদর উপজেলায় জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম এই কার্যক্রমের উদ্বোধনে উপস্থিত ছিলেন। উপজেলাসমূহে উপজেলা নির্বাহী অফিসারগণ, রাজনৈতিক ব্যক্তিবর্গ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া ও অন্যান্য সংশ্লিষ্টজনেরা উপস্থিত থেকে গৃহহীনদের মাঝে ঘরের চাবি ও মালিকানা হস্তান্তর করেন। এর আগে ২০ জুলাই, ২০২২ তারিখ সকালে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামের সম্মেলন কক্ষে মুজিব শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কুড়িগ্রাম জেলার ভূমিহীন ও গৃহহীন পরিবারের নিকট গৃহ ও জমি হস্তান্তর অনুষ্ঠানের উদ্বোধন উপলক্ষ্যে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে কুড়িগ্রামে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।



রাজারহাট উপজেলায় গৃহ হস্তান্তর


ফুলবাড়ী উপজেলায় গৃহ হস্তান্তর


চর রাজিবপুর উপজেলায় গৃহ হস্তান্তর


উলিপুর উপজেলায় গৃহ হস্তান্তর


চিলমারী উপজেলায় গৃহ হস্তান্তর


ভুরুঙ্গামারী উপজেলায় গৃহ হস্তান্তর


রৌমারী উপজেলায় গৃহ হস্তান্তর


নাগেশ্বরী উপজেলায় গৃহ হস্তান্তর

**"অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে শেখ হাসিনা মডেল"** তথা আশ্রয়ণ প্রকল্প ইতোমধ্যে সারা বিশ্বে সমাদৃত হয়েছে। জাতীয় পর্যায়ের প্রকল্পের সাথে সঙ্গতি রেখে কুড়িগ্রাম জেলাকে অতি দ্রুত গৃহহীন মুক্ত ঘোষণা করা সম্ভব হবে। জেলা প্রশাসক, কুড়িগ্রাম কর্তৃক প্রস্তাবিত **"চর মডেল"** জেলাটির চর বিধৌত জনপদে আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়নে আশার আলো দেখাচ্ছে।

## সামাজিক সম্প্রীতি বৃদ্ধিতে কমিটি গঠন ও সভা অনুষ্ঠান

২১ আগস্ট, ২০২২ জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে জেলা সামাজিক সম্প্রীতি কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম। এসময় জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ, জনপ্রতিনিধিবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, নারী সংগঠনের নেতৃবৃন্দ, ধর্মীয় উপাসনালয়ের প্রধানগণ, সংবাদমাধ্যমের কর্মীবৃন্দ এবং জেলা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ধর্মীয় সম্প্রীতি রক্ষা, জঙ্গিবাদ দমন, সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন অপপ্রচার রোধ এবং সকল ধর্মের ধর্মীয় উৎসব যথাযথ মর্যাদায় পালনের উদ্দেশ্যে করণীয় বিষয়ে কিছু নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়।




দেশের বিভিন্ন স্থানে সাম্প্রতিক সময়ে সংঘটিত কতিপয় অপ্রত্যাশিত ঘটনার প্রভাব যাতে কুড়িগ্রামে না পড়ে সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে কমিটি গঠনের মাধ্যমে সামাজিক সম্প্রীতি বৃদ্ধির কার্যক্রম ত্বরান্বিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়। ইতোমধ্যে জেলার বেশ কিছু উপজেলায় সামাজিক সম্প্রীতি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। দুর্গাপূজা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নের জন্য এই কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সভায় উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। ২১ আগস্ট অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে ২৯ সেপ্টেম্বর কুড়িগ্রাম পৌরসভা প্রাঙ্গণে জেলা সাম্প্রীতিক কমিটির একটি জনসমাবেশ অনুষ্ঠিত হয়।

## দুর্যোগ ব্যবস্থাপনা ওরিয়েন্টেশন



দেশের উত্তরাঞ্চলীয় একটি দুর্যোগপ্রবন জেলা কুড়িগ্রাম। বন্যা, নদীভাঙ্গনসহ নানাবিধ প্রাকৃতিক দুর্যোগ এই জেলার মানুষের জীবনযাত্রাকে প্রতিবছরই ব্যাহত করে থাকে। দুর্যোগপ্রবণ এই জেলায় প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতি ন্যূনতম পর্যায়ে রাখার উদ্দেশ্যে ২৪ জুলাই, ২০২২ তারিখ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দুর্যোগকালীন **"জরুরি সমন্বয় ব্যবস্থার মূল্যায়ন "** বিষয়ক ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রেজাউল করিম। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিচালক নিতাই চন্দ্র দে সরকারসহ কর্মসূচিতে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি লাঘবে করণীয় সম্পর্কে এই ওরিয়েন্টেশনে আলোচনা করা হয়।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী



০৫ আগস্ট, ২০২২ জেলা প্রশাসন, কুড়িগ্রামের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল- এঁর জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়। সকালে স্বাধীনতার বিজয়স্তম্ভে স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণের মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হয়। সরকারি দপ্তর প্রতিষ্ঠান, রাজনৈতিক ব্যক্তিবর্গসহ জেলার আপামর জনসাধারণ এসময় শ্রদ্ধাঞ্জলি অর্পণের মাধ্যমে তারুণ্যের  এই অগ্রদূতকে স্মরণ করেন ও তাঁর রুহের মাগফেরাত কামনায় দোয়া করেন।



পরবর্তীতে জেলা আউটার স্টেডিয়ামে তাঁর বর্ণাঢ্য কর্মজীবনের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম। সভায় বক্তব্য রাখেন পুলিশ সুপার সৈয়দা জান্নাত আরা, কুড়িগ্রাম, জেলা আওয়ামীলীগের সভাপতি ও কুড়িগ্রাম জেলা পরিষদের প্রশাসক মোঃ জাফর আলী, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আমান উদ্দিন আহম্মেদ মঞ্জু, কুড়িগ্রাম পৌরসভার মেয়র মোঃ কাজিউল ইসলাম, সরকারি কলেজের অধ্যক্ষ মির্জা মোঃ নাসির উদ্দিন, বীর মুক্তিযোদ্ধাগণ। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন ক্রীড়া সংগঠনের নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বক্তারা শেখ কামালের ক্রীড়ানুরাগ ও তারুণ্যে উজ্জীবিত হয়ে দেশ গঠনের উপর গুরুত্বারোপ করেন। জেলা প্রশাসক তার বক্তব্যে বলেন শেখ কামাল দেশের আপামর তরুণ সমাজের অনুপ্রেরণা। তার ক্রীড়ানুরাগ ও তারুণ্যের উজ্জীবনী শক্তি দেশের তরুণ সমাজকে মাদকাসক্তিসহ অন্যান্য অনভিপ্রেত কার্যকলাপ থেকে বিরত রাখতে সহায়তা করবে। আলোচনা সভা শেষে জেলা ক্রীড়া অফিসের উদ্যোগে বিভিন্ন ক্রীড়া সংগঠনের মধ্যে ক্রীড়াসামগ্রী বিতরণ করা হয়। বাদ জোহর মসজিদ, মন্দির গির্জাসহ বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহীদদের স্মরণে দোয়া আয়োজন করা হয়।

## তামাক বিরোধী কর্মশালা




২২ আগস্ট, ২০২২ মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী তামাকমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে **'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালে সংশোধিত)'** বাস্তবায়নে কুড়িগ্রাম জেলার করণীয় সম্পর্কে একটি প্রশিক্ষণ কর্মশালা সার্কিট হাউজ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম। মূল প্রবন্ধ উপস্থাপনে ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উত্তম কুমার রায়। আরও উপস্থিত ছিলেন সিভিল সার্জন, কুড়িগ্রাম মঞ্জুর-ই-মোর্শেদ, মেয়র, কুড়িগ্রাম পৌরসভা মোঃ কাজিউল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, বিভিন্ন দপ্তর প্রধাণগণ, স্কুল কলেজের শিক্ষকগণ, জেলা মাদক বিষয়ক টাস্কফোর্স কমিটির সদস্যবৃন্দসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। কর্মশালায় জেলায় মাদক নির্মুল করার জন্য মুক্ত আলোচনা করা হয়। কর্মশালায় কুড়িগ্রাম জেলার তামাক ব্যবহারের বর্তমান চিত্র এবং ব্যবহার নিয়ন্ত্রণে ভবিষ্যত করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

## সাক্ষরতা দিবস




০৮ সেপ্টেম্বর বিশ্বব্যাপি আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের অংশ হিসেবে বানলাদেশেও দিবসটি উদযাপন করা হয়। দিবসটির প্রতিপাদ্য নির্ধারন করা হয় "Transforming Literacy Learning Spaces" অর্থাৎ **"সাক্ষরতা শিখন ক্ষেত্রের প্রসার"**। দিবসটি উপলক্ষ্যে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক সাইদুর রহমান। বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মিনহাজুল ইসলাম। সভায় ছিন্নমূল ও ঝরেপড়া শিক্ষার্থীদের নিয়ে কাজ করা বিভিন্ন এনজিও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। জেলা প্রশাসক জনাব মোহাম্মদ রেজাউল করিম সাক্ষরতা ও শিক্ষার হারে কুড়িগ্রাম জেলার সমস্যা ও করণীয় সম্পর্কে তার পর্যবেক্ষন সভার সামনে তুলে ধরেন এবং নিরক্ষরমুক্ত কুড়িগ্রাম গড়ে তুলতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

## কুরবানির পশু নির্দিষ্ট স্থানে জবাইকরণ, দ্রুত বর্জ্য অপসারণ, চামড়া ক্রয়-বিক্রয় ও যথাযথ ব্যবস্থাপনা বিষয়ক সভা



কুরবানির পশু নির্দিষ্ট স্থানে জবাইকরণ, দ্রুত বর্জ্য অপসারণ, চামড়া ক্রয়-বিক্রয় ও যথাযথ ব্যবস্থাপনা বিষয়ক সভা ৫ জুলাই, ২০২২ তারিখে জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসারগণসহ সরকারি বিভিন্ন দপ্তরের প্রধাণগণ উপস্থিত ছিলেন। সুষ্ঠু ও স্বাস্থ্যকর পরিবেশে ঈদ-উল-আযহা উদযাপনের জন্য ব্যবসায়ী নেতৃবৃন্দের মতামতের আলোকে চামড়া ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। তথ্য অফিসার, কুড়িগ্রামকে ব্যাপক প্রচারণার জন্য দায়িত্ব প্রদান করা হয়। এছাড়া জেলা প্রশাসকের অফিসিয়াল ফেসবুক পেইজে এ সংক্রান্ত প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। জনসাধারণকে নির্দিষ্ট স্থানে পশু জবাই সংক্রান্ত সরকারি নির্দেশনাসমূহ প্রতিপালনের লক্ষ্যে বিশেষভাবে অনুরোধ জানানো হয়। সচেতনতামূলক কার্যক্রমের পরিপ্রেক্ষিতে ঈদ-উল-আযহা উদযাপনের অব্যবহিত পরেই জেলার অভ্যন্তরীণ কুরবানীর বর্জ্য অপসারন করা সম্ভব হয়।

## মাননীয় প্রধানমন্ত্রীর উপহার ল্যাপটপ বিতরণ

২২ আগস্ট,২০২২ তারিখ জেলা প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের **'লার্নিং অ্যান্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প'** এর অধীনে প্রশিক্ষণপ্রাপ্ত সর্বোচ্চ উপার্জনকারী ফ্রিল্যান্সারদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ল্যাপটপ বিতরণ করা হয়। বিজয়ীদের মাঝে ল্যাপটপ বিতরণ করেন কুড়িগ্রাম জেলার জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম। এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মিনহাজুল ইসলাম ও জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা। প্রকল্পের আওতায় ২৪টি ব্যাচের প্রশিক্ষনার্থীদের মধ্য থেকে সর্বোচ্চ উপার্জনকারী ৪৮ জনের মধ্যে ৩০ জন বিজয়ীর মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়। অবশিষ্ট বিজয়ীদের ১৮ অক্টোবর শেখ রাসেল দিবসে ল্যাপটপ বিতরণ করা হবে। চতুর্থ শিল্পবিপ্লব ও কৃত্রিম বুদ্ধিমত্তার আধুনিক পৃথিবীতে যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য কম্পিউটারভিত্তিক জ্ঞানের কোনো বিকল্প নেই। তাই জেলা প্রশাসনের পক্ষ থেকে বিজ্ঞানমুখী শিক্ষার প্রসারমূলক কার্যক্রম অব্যাহত থাকবে।



## জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২

(প্রথম পাতার পর)



কয়েক হাজার দর্শকের উপস্থিতিতে ফাইনাল ম্যাচে চিলমারী উপজেলাকে ৭-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে কুড়িগ্রাম সদর উপজেলা।



খেলা শেষে প্রধান অতিথি হিসেবে বিজয়ী ও বিজিতদের মাঝে পুরস্কার বিতরণ করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মেজবাহ উদ্দিন। জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ জাফর আলী, কুড়িগ্রাম পৌরসভার মেয়র মোঃ কাজিউল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মিনহাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন), জেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাগণ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। প্রধান অতিথিকে জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করেন ক্রীড়া সংস্থার সভাপতি জেলা প্রশাসক জনাব মোহাম্মদ রেজাউল করিম।

## চিলমারী-রৌমারি সেতু নির্মাণের সম্ভাব্যতা যাচাই




জেলা সদর হতে ব্রহ্মপুত্র নদ দ্বারা বিচ্ছিন্ন রৌমারি ও রাজিবপুর উপজেলাকে জেলার সাথে সংযোগ ঘটানোর জন্য প্রস্তাবিত "চিলমারী-রৌমারি সেতু" নির্মাণের সম্ভাব্যতা যাচাই করার জন্য একটি বিশেষজ্ঞ দল ১১-১৩ সেপ্টেম্বর কুড়িগ্রাম জেলা সফর করেন। এসময় তারা উলিপুর, রৌমারী ও চিলমারী উপজেলার বিভিন্ন পয়েন্টে স্থানীয় জনগণের সাথে মতবিনিময় করেন। কুড়িগ্রামবাসীর দীর্ঘদিনের এই লালিত স্বপ্ন অতি দ্রুত বাস্তবে রূপান্তরের জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

## শারদীয় দুর্গাপূজা পালনের জন্য প্রস্তুতিসভা




শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু, সুন্দর ও নিরাপদ পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে ২৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখে জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে পূজা উদযাপনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পুলিশ সুপার আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উত্তম কুমার রায়, উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, হিন্দু ধর্মীয় বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, জেলার সচেতন নাগরিকবৃন্দসহ সংশ্লিষ্ট অন্যান্যরা উপস্থিত ছিলেন। সভায় সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য সকল ক্ষেত্রে ধর্মীয় উসকানিমূলক কার্যক্রম কঠোরভাবে দমন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় পুলিশ ও গোয়েন্দাবিভাগসহ আইন শৃংখলা রক্ষায় নিয়োজিত সকলকে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করা হয়। ধর্মীয় সহাবস্থানে শারদীয় দুর্গোৎসব সকলের জীবনে কল্যাণ বয়ে আনার প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

## জেলা স্কাউটসের নির্বাহী কমিটির বার্ষিক সাধারণ সভা

২৫ জুলাই, ২০২২ তারিখ কুড়িগ্রাম জেলা স্কাউটসের নির্বাহী কমিটির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কুড়িগ্রাম জেলা স্কাউটসের সভাপতি ও জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম। উপস্থিত ছিলেন জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারগণ, জেলা ও উপজেলা পর্যায়ের স্কাউট কমিটির সদস্যবৃন্দ। জেলা স্কাউটসের পক্ষ থেকে প্রেসিডেন্টস স্কাউট অ্যাওয়ার্ড বিজয়ীদের শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। জেলা স্কাউটসের বিভিন্ন সমস্যা ও করণীয় নিয়ে সভায় বিশদ আলোচনা করা হয় এবং উপজেলা কমিটিগুলোকে সক্রিয় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।



## আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস -২০২২ উদযাপন




তথ্য প্রযুক্তির যুগে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার উদ্দেশ্যে সারাবিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশে ২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন করা হয়। জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় কুড়িগ্রাম পৌরসভার মেয়র মোঃ কাজিউল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, তথ্য অফিসার, শিক্ষা অফিসারসহ আরও অনেকে উপস্থিত ছিলেন। দিবসটির প্রতিপাদ্য নির্ধারন করা হয়েছিল **"তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক"**। আলোচনা সভার প্রধান অতিথি ও জেলা প্রশাসক তাঁর বক্তব্যে বলেন প্রশাসন ও সরকারি অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতের বিকল্প নেই। তিনি জনগণকে তথ্য প্রাপ্তির সঠিক পদ্ধতি অবলম্বন করার পরামর্শ প্রদান করেন। জেলা প্রশাসনের উদ্যোগে রচনা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। আলোচনা সভার শেষে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## ক্ষতিগ্রস্তদের মাঝে ভূমি অধিগ্রহণের চেক বিতরণ




কুড়িগ্রামের চিলমারীতে আরডিএ প্রকল্প ও সুন্দরগঞ্জ ব্রীজের সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প, নাগেশ্বরীতে ডাম্পিং স্টেশন নির্মাণ প্রকল্প, ফুলবাড়ীতে ধরলা নদীর উপর ৯৫০ মিটার পিসি গার্ডার সেতু নির্মাণ প্রকল্প এবং রাজিবপুর মডেল মসজিদ নির্মাণ প্রকল্পে ভূমি অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্তদের মাঝে ক্ষতিপূরণের ২,০৪,৫৭,২২৭ টাকার চেক বিতরণ করা হয়েছে। ১০ আগস্ট, ২০২২ তারিখে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে চেক বিতরণ করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রেজাউল করিম। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) উত্তম কুমার রায়, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা নিশাত তামান্না। অনুষ্ঠানে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের হাতে ভূমি অধিগ্রহণের চেক তুলে দেওয়া হয়।

## খাদ্য সহায়তা কার্যক্রমের উদ্বোধন ও অসহায় ব্যাক্তিদের সহায়তা প্রদান




০১ সেপ্টেম্বর, ২০২২ তারিখ সারা দেশের ন্যায় কুড়িগ্রাম জেলার ০৯টি উপজেলা ও ০৩টি পৌরসভায় ওএমএস, টিসিবি ও খাদ্য বান্ধব কর্মসূচির উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর বিভাগের বিভাগীয় কমিশনার মোঃ সাবিরুল ইসলাম। জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুলিশ সুপার আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম, জেলা পরিষদ প্রশাসক ও জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ জাফর আলী, সদর উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমান উদ্দিন আহম্মেদ, পৌর মেয়র মোঃ কাজিউল ইসলাম, প্রিন্ট মিডিয়ার কর্মীবৃন্দ প্রমুখ। এই কর্মসূচির আওতায় মোট ১১,৬০০ পরিবারকে ৫ কেজি করে ওএমএস এর চাল, ১,৪৩,৬৬৫ জন উপকারভোগীর মাঝে ৩০ কেজি করে খাদ্যবান্ধব কর্মসূচির চাল ও ২,৭৭,৮৮০ জন কার্ডধারী পরিবারকে টিসিবির পণ্য বিতরণ করা হয়েছে।



এছাড়াও, ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে জেলা প্রশাসন কুড়িগ্রামের আয়োজনে **"ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচি"** এর আওতায় ১০ জন ভিক্ষুককে ২টি করে ছাগল এবং নগদ ৩,০০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করেন বিভাগীয় কমিশনার মোঃ সাবিরুল ইসলাম।

## বিশ্ব নদী দিবস-২০২২



নদ-নদীময় কুড়িগ্রামের অসংখ্য নদ-নদীকে জেলার আপামর জনসাধারণের জীবন-জীবিকার উৎসে পরিণত করার লক্ষ্যে ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিশ্ব নদী দিবস উপলক্ষ্যে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রেজাউল করিম।

## জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২

(প্রথম পাতার পর)



কয়েক হাজার দর্শকের উপস্থিতিতে ফাইনাল ম্যাচে চিলমারী উপজেলাকে ৭-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে কুড়িগ্রাম সদর উপজেলা।



খেলা শেষে প্রধান অতিথি হিসেবে বিজয়ী ও বিজিতদের মাঝে পুরস্কার বিতরণ করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মেজবাহ উদ্দিন। জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ জাফর আলী, কুড়িগ্রাম পৌরসভার মেয়র মোঃ কাজিউল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মিনহাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন), জেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাগণ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। প্রধান অতিথিকে জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করেন ক্রীড়া সংস্থার সভাপতি জেলা প্রশাসক জনাব মোহাম্মদ রেজাউল করিম।

## চিলমারী-রৌমারি সেতু নির্মাণের সম্ভাব্যতা যাচাই




জেলা সদর হতে ব্রহ্মপুত্র নদ দ্বারা বিচ্ছিন্ন রৌমারি ও রাজিবপুর উপজেলাকে জেলার সাথে সংযোগ ঘটানোর জন্য প্রস্তাবিত "চিলমারী -রৌমারি সেতু" নির্মাণের সম্ভাব্যতা যাচাই করার জন্য একটি বিশেষজ্ঞ দল ১১-১৩ সেপ্টেম্বর কুড়িগ্রাম জেলা সফর করেন। এসময় তারা উলিপুর, রৌমারী ও চিলমারী উপজেলার বিভিন্ন পয়েন্টে স্থানীয় জনগণের সাথে মতবিনিময় করেন। কুড়িগ্রামবাসীর দীর্ঘদিনের এই লালিত স্বপ্ন অতি দ্রুত বাস্তবে রূপান্তরের জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

## শারদীয় দুর্গাপূজা পালনের জন্য প্রস্তুতিসভা




শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু, সুন্দর ও নিরাপদ পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে ২৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখে জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে পূজা উদযাপনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পুলিশ সুপার আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উত্তম কুমার রায়, উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, হিন্দু ধর্মীয় বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, জেলার সচেতন নাগরিকবৃন্দসহ সংশ্লিষ্ট অন্যান্যরা উপস্থিত ছিলেন। সভায় সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য সকল ক্ষেত্রে ধর্মীয় উসকানিমূলক কার্যক্রম কঠোরভাবে দমন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় পুলিশ ও গোয়েন্দাবিভাগসহ আইন শৃংখলা রক্ষায় নিয়োজিত সকলকে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করা হয়। ধর্মীয় সহাবস্থানে শারদীয় দুর্গোৎসব সকলের জীবনে কল্যাণ বয়ে আনার প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

## জেলা স্কাউটসের নির্বাহী কমিটির বার্ষিক সাধারণ সভা

২৫ জুলাই, ২০২২ তারিখ কুড়িগ্রাম জেলা স্কাউটসের নির্বাহী কমিটির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কুড়িগ্রাম জেলা স্কাউটসের সভাপতি ও জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম। উপস্থিত ছিলেন জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারগণ, জেলা ও উপজেলা পর্যায়ের স্কাউট কমিটির সদস্যবৃন্দ। জেলা স্কাউটসের পক্ষ থেকে প্রেসিডেন্টস স্কাউট অ্যাওয়ার্ড বিজয়ীদের শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। জেলা স্কাউটসের বিভিন্ন সমস্যা ও করণীয় নিয়ে সভায় বিশদ আলোচনা করা হয় এবং উপজেলা কমিটিগুলোকে সক্রিয় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।



## গণশুনানি



প্রতি বুধবার জেলা প্রশাসক জনাব মোহাম্মদ রেজাউল করিম জেলার সকল পর্যায়ের জনসাধারণের নানাবিধ অভিযোগ ও সমস্যা সম্পর্কে দিনভর গণশুনানি গ্রহণ করেন। গণশুনানিতে বেশ কিছু সমস্যার তাৎক্ষণিক সমাধানের কার্যক্রম গ্রহণ করা হয়।

## নতুন পুলিশ সুপারের যোগদান



জেলা প্রশাসকের পক্ষ থেকে ফুলেল অভ্যর্থনার মাধ্যমে ২৩ আগস্ট ২০২২ তারিখে কুড়িগ্রাম জেলার নবনিযুক্ত পুলিশ সুপার জনাব আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম-কে বরণ করে নেয়া হয়। জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাদের উপস্থিতিতে এসময় সদ্য যোগদানকৃত পুলিশ সুপার জেলার আইন শৃঙখলা পরিস্থিতির সার্বিক উন্নয়নে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

## বীরমুক্তিযোদ্ধা শওকত আলী সরকার বীরবিক্রমের প্রয়াণ



চিলমারীর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও বীরমুক্তিযোদ্ধা শওকত আলী সরকার বীরবিক্রম ২২ আগস্ট, ২০২২ তারিখ পরলোকগমন করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জেলা প্রশাসনের পক্ষ থেকে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। পরদিন যথাযোগ্য রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দাফন কার্য সম্পাদন করা হয়।

## এলজিএসপি-৩ ব্যবহার সহায়িকা প্রশিক্ষণ




জেলা প্রশাসন, কুড়িগ্রাম ও স্থানীয় সরকার বিভাগ কুড়িগ্রামের যৌথ আয়োজনে ৪-৬ সেপ্টেম্বর পর্যন্ত ০৩ দিনব্যাপি ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহারিক নির্দেশিকার উপর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালার ১ম দিন কুড়িগ্রাম সদর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলা, ২য় দিন নাগেশ্বরী ও উলিপুর উপজেলা এবং ৩য় ও শেষ দিন ভুরুঙ্গামারী, চিলমারী, চর রাজিবপুর ও রৌমারী উপজেলার প্রশিক্ষণার্থীবৃন্দ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মশালায় সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, উপজেলার আওতাধীন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ও সচিবগণ অংশগ্রহণ করেন। তিন দিনব্যাপি এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রেজাউল করিম এবং সভাপতিত্ব করেন উপরিচালক স্থানীয় সরকার (ভারপ্রাপ্ত) মোঃ মিনহাজুল ইসলাম। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন জাতীয় পর্যায়ে উন্নয়ন নিশ্চিত করার জন্য ইউনিয়ন পরিষদের ভূমিকা সবচেয়ে বেশি। সেজন্য ইউনিয়ন পরিষদের কর্মকাণ্ডে স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণে ইউপি সচিবসহ ইউনিয়ন পর্যায়ে কর্মরত সকলের কর্মদক্ষতা বৃদ্ধির কৌশলের উপর গুরুত্বারোপ করা হয়।

## নতুন যোগদানকৃত কর্মকর্তাগণ



ফারজানা জাহান
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম



মোঃ পুবন আখতার
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম



শোভন রাংসা
উপজেলা নির্বাহী অফিসার
উলিপুর, কুড়িগ্রাম



কাজী মাহমুদুর রহমান
সহকারী কমিশনার (ভূমি)
উলিপুর, কুড়িগ্রাম



মোঃ মিনহাজুল ইসলাম
সিনিয়র সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়



দেওয়ান আকরামুল হক
সিনিয়র সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়